

# ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড

## বিজ্ঞপ্তি

এতদ্বারা ত্রিপুরার সমস্ত সম্মানিত বিদ্যুৎ ভোক্তা সাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে বিদ্যুৎ আইন, ২০০৩ এর ৬২ এবং ৮৬ নং ধারা সহ অন্যান্য বাধ্যতামূলক প্রণিয়মানুসারে ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড অর্থ বছর ২০১৬-১৭ হইতে ২০২০-২১ এর জন্য মাল্টি ইয়ার টারিফ পিটিশন, ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগের কাছে দাখিল করেছে এবং ইহা গত ১০ই জুলাই ২০২০ ইং গ্রহনযোগ্য হয়েছে। বিদ্যুৎ মাশুল সংক্রান্ত সারমর্ম নিচে দেওয়া হল :

### বিদ্যুৎ মাশুল সংক্রান্ত আবেদনের সারমর্ম

১) ২০১৩-১৪ এবং ২০১৪-১৫ অর্থ বছরের নিরিখের যথার্থকরন তৎসহ ২০১৬-১৭ থেকে ২০২০-২১ পর্যন্ত প্রথম নিয়ন্ত্রিত সময়কালে মাল্টি ইয়ার টারিফ পিটিশন এর আবেদন এবং ২০১৫-১৬ অর্থ বছরের প্রয়োজনীয় বার্ষিক রাজস্বের অনুমোদন।

২)	অনুমতিপ্রাপ্ত সংস্থা (লাইসেন্সী)	:-	ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড
৩)	অনুমতিপ্রাপ্ত সংস্থার ঠিকানা	:-	ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড, বিদ্যুৎ ভবন, উত্তর বনমালীপুর, আগরতলা, পিন:- ৭৯৯০০১
৪)	প্রস্তাবিত বিদ্যুৎ মাশুল কার্যকর হইবে	:-	১লা সেপ্টেম্বর, ২০২০ইং হইতে
৫)	বর্তমান মাশুল হারে ২০২০-২১ এর প্রত্যাশিত রাজস্বের পরিমাণ	:-	{৫২৫.৪৩ + ৪০.০০ (রাজ্য সরকারের ভতুর্কি)} = ৫৬৫.৪৩ কোটি টাকা
৬)	বিদ্যুৎ মাশুল বৃদ্ধির মাধ্যমে মোট প্রত্যাশিত রাজস্বের ব্যবধান পুনরুদ্ধারের প্রস্তাব	:-	১,১৭৮.০৮ কোটি টাকা (২০১৩-১৪ থেকে ২০২০-২১ পর্যন্ত)
৭)	প্রস্তাবিত মাশুলের আবেদনের মূল প্রতিপাদ্য বিষয়		২০১৩-১৪ এবং ২০১৪-১৫ অর্থ বছরের নিরিখের যথার্থকরন তৎসহ ২০১৬-১৭ থেকে ২০২০-২১ পর্যন্ত প্রথম নিয়ন্ত্রিত সময়কালে মাল্টি ইয়ার টারিফ পিটিশন এর আবেদন এবং ২০১৫-১৬ অর্থ বছরের প্রয়োজনীয় বার্ষিক রাজস্বের অনুমোদন।
৮)	প্রস্তাবিত মাশুল বৃদ্ধির / হ্রাসের প্রধান কারণগুলি	:-	বিগত ছয় বছর ধরে কেন্দ্রীয় বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগের প্রণিয়মের জন্য আমদানীকৃত বিদ্যুৎ মাশুলের বৃদ্ধি, কর্মচারীদের বেতন খরচের বৃদ্ধি ও রক্ষনাবেক্ষন ও মেরামতির খরচের বৃদ্ধি, জ্বালানীর (প্রাকৃতিক গ্যাস) খরচের বৃদ্ধি (বৈদ্যেগিক মুদ্রার বিনিময়ের দাম ওঠা নামার জন্য), স্বল্প সময়ের জন্য বেশী দামে বিদ্যুৎ ক্রয় ইত্যাদি এবং মুদ্রাস্ফীতির কারণে।
৯)	প্রয়োজ্য শর্তাবলীর নিরিখে প্রস্তাবিত মূল পরিবর্তন গুলির বর্ণনা	:-	Prepaid মিটার যুক্ত ভোক্তাদের জন্য মাশুল চালু করা, শিল্প ক্ষেত্রে power factor অনুযায়ী ছাড় অথবা জরিমানার ব্যবস্থা এবং ইলেকট্রিক যানবাহনের ক্ষেত্রে মাশুল নির্ধারণ যা Chapter of Tariff Design এবং প্রস্তাবিত Rate Schedule in Tariff Petition - এ বর্ণিত আছে।
১০)	নিগম কর্তৃক প্রস্তাবিত মাশুল সংক্রান্ত আবেদন পরিদর্শনের স্থান	:-	১/ নিগমের অফিসিয়েল ওয়েবসাইট : <a href="http://www.tsecl.in">www.tsecl.in</a> । ২/ ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগ, ভুতুরিয়া, উত্তর বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা, পিন:- ৭৯৯০০১. ফোন নম্বর:- ০৩৮১-২৩২৬৩৭২ / ২৩০০১৩৭, <a href="http://www.terc.tripura.gov.in">www.terc.tripura.gov.in</a> । ৩/ বিদ্যুৎ ভবন, ম্যানেজিং ডিরেক্টর এর অফিস, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড, আগরতলা, ফোন : ২৩১-৮০০১।

এই বিদ্যুৎ মাশুল সংক্রান্ত আবেদনের উপর আপত্তি বা মতামত থাকলে সরাসরি ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগের অফিসে (৫ কপি) এবং তাঁর প্রতিলিপি ম্যানেজিং ডিরেক্টর, ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড, বিদ্যুৎ ভবন, উত্তর বনমালীপুর, আগরতলা, পিন:- ৭৯৯০০১ এই ঠিকানায় আগামী ৩১শে জুলাই, ২০২০ইং, বিকাল ৫ ঘটিকা এর মধ্যে দাখিল করতে হবে। আপত্তি বা মতামত অবশ্যই যথাযথ দস্তগত এবং যাচাই করিয়া হলফনামা (এফিটএভিড) মূলে ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগের কন্ডাক্ট অব বিজনেস রেগুলেশান - ২০০৪ (ফর্ম-২) নিয়মাবলী অনুযায়ী দাখিল করতে হবে (ফর্ম-২ পাওয়া যাবে যথাক্রমে ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগের অফিসে / ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের অফিসে বা ওয়েবসাইট [www.tsecl.in](http://www.tsecl.in) এবং ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেডের সকল সার্কেল অফিসে)।

এই বিজ্ঞপ্তিটি ত্রিপুরা বিদ্যুৎ নিয়ন্ত্রক আয়োগের আদেশানুসারে প্রকাশিত হইল।

ডিরেক্টর (টেকনিকেল)  
ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম লিমিটেড  
বিদ্যুৎ ভবন, উত্তর বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা